# JAMINI MAZUMDER MEMORIAL COLLEGE

ESTD - 2008

Patiram, D/Dinajpur

Empowering to Build Humanity

Affiliated to the University of Gour Banga.
Registered under 2F and 12(B) of UGC Act.

Principal : +91 9434029802;
Office : +91 7864964442 (Whatsapp)
+91 9531503708 (Call)
03522 - 253027 (Land)

Office : jmmcollegemail@gmail.com;
Admission : jmmcadmission@gmail.com;
Examination : jmmcexam@gmail.com

Jamini Mazumder Memorial College
Patiram, Dist.: Dakshin Dinajpur,
West Bengal - 733133




Ref. No. ------------ Date ------------------

## ছাত্র- ছাত্রীদের জন্য বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা কলেজের প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নিম্নলিখিত আচরণবিধি মেনে চলতে নির্দেশ দেওয়া হচ্ছে—

১. কলেজ প্রাঙ্গণে অবস্থানকালে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অবশ্যই কলেজর বৈধ পরিচয়পত্র (Identity Card) সঙ্গে রাখতে হবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষের নিকট তা প্রদর্শন করতে হবে। কোন ছাত্র-ছাত্রীর অভিভাবক / অভিভাবিকা College এলে, College গেটের Visitor book এ অভিভাবক / অভিভাবিকার নাম নথিভুক্ত করতে হবে।

২. কলেজে সর্বদা শৃঙ্খলা, শালীনতা, ভদ্রতা ও মর্যাদা বজায় রাখতে হবে। কলেজ প্রাঙ্গণে ছাত্র-ছাত্রী সকল কার্যকলাপ ও আচরণের জন্য কলেজ কর্তৃপক্ষের নিকট দায়বদ্ধ থাকবেন।

৩. প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিত থাকতে হবে এবং প্রতিটি বিষয়ে ন্যূনতম ৭৫% উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি কলেজ ও বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সকল একাডেমিক ও অভ্যন্তরীণ মূল্যায়নের শর্ত পূরণ করতে হবে। অন্যথায় তিনি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য (Debarred) বলে বিবেচিত হতে পারেন।

৪. শিক্ষক, শিক্ষাকর্মীবন্ধু ,সহপাঠী ও কলেজে আগত সকল ব্যক্তির প্রতি সম্মানজনক আচরণ করতে হবে এবং ধর্ম, বর্ণ, জাতি, লিঙ্গ, ভাষা, প্রতিবন্ধকতা বা সামাজিক-অর্থনৈতিক অবস্থার ভিত্তিতে কোনো ধরনের বৈষম্যমূলক আচরণ করা যাবে না।

৫. র‍্যাগিং, বুলিং, ভীতি প্রদর্শন, হয়রানি, সহিংসতা বা এ ধরনের কোনো কর্মকাণ্ডে জড়িত হওয়া সম্পূর্ণরূপে নিষিদ্ধ। ছাত্র-ছাত্রীদের Anti-Ragging Committee, Internal Complaints Committee (ICC), Grievance Redressal Cell, Equal Opportunity Cell এবং অন্যান্য আইনানুগ কমিটির কার্যক্রমে সহযোগিতা করতে হবে।

৬. পাঠদান, গবেষণা, পরীক্ষা, প্রশাসনিক কার্যক্রম বা কলেজের অন্য কোনো একাডেমিক কর্মকাণ্ডে বিঘ্ন সৃষ্টি করে— এমন কোনো কাজ কঠোরভাবে নিষিদ্ধ।

৭. পরীক্ষা, অ্যাসাইনমেন্ট এবং অন্যান্য একাডেমিক কার্যক্রমে সততা (Academic Integrity) বজায় রাখতে হবে। অসদুপায় অবলম্বন, প্রতারণা বা অন্য কোনো একাডেমিক অসদাচরণ শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

৮. কলেজের ভবন, আসবাবপত্র, পরীক্ষাগারের সরঞ্জাম, গ্রন্থাগারের বই এবং অন্যান্য সকল সম্পদ যথাযথ যত্নসহকারে ব্যবহার করতে হবে। কলেজ বা অন্যের সম্পত্তি চুরি, চুরির চেষ্টা, ইচ্ছাকৃত ক্ষতিসাধন বা অপব্যবহার গুরুতর শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে এবং এর জন্য জরিমানা, ক্ষতিপূরণ, সাময়িক বা স্থায়ী বহিষ্কারসহ উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

৯. কলেজ প্রাঙ্গণে মাদকদ্রব্য, অ্যালকোহল, তামাকজাত দ্রব্য, সিগারেট, গুটখা, পান মসলা বা অন্য কোনো নিষিদ্ধ দ্রব্য বহন, ব্যবহার বা সেবন সম্পূর্ণরূপে নিষিদ্ধ। ধূমপান ও থুতু ফেলা নিষিদ্ধ।

১০. কলেজ প্রাঙ্গণে তাস খেলা, উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা (Loitering) অথবা একাডেমিক পরিবেশ ব্যাহত করে এমন কোনো কর্মকাণ্ডে অংশগ্রহণ করা যাবে না।

# JAMINI MAZUMDER MEMORIAL COLLEGE

ESTD - 2008

Patiram, D/Dinajpur

Empowering to Build Humanity

Affiliated to the University of Gour Banga.
Registered under 2F and 12(B) of UGC Act.

Principal : +91 9434029802;
Office : +91 7864964442 (Whatsapp)
+91 9531503708 (Call)
03522 - 253027 (Land)

Office : jmmcollegemail@gmail.com;
Admission : jmmcadmission@gmail.com;
Examination : jmmcexam@gmail.com

Jamini Mazumder Memorial College
Patiram, Dist.: Dakshin Dinajpur,
West Bengal - 733133

Ref. No.

Date



১১. শ্রেণিকক্ষ, ব্যবহারিক ক্লাস, সেমিনার, পরীক্ষা বা অন্য কোনো একাডেমিক কার্যক্রম চলাকালীন সংশ্লিষ্ট শিক্ষকের অনুমতি ব্যতীত মোবাইল ফোন ব্যবহার করা যাবে না।

১২. অধ্যক্ষের পূর্বানুমতি ব্যতীত কলেজ প্রাঙ্গণে কোনো সভা, মিছিল, সমাবেশের আয়োজন অথবা পোস্টার, লিফলেট, প্রচারপত্র বা অন্য কোনো মুদ্রিত সামগ্রী বিতরণ বা প্রচার করা যাবে না।

১৩. কলেজ প্রাঙ্গণে প্রতিষ্ঠানবিরোধী, রাষ্ট্রবিরোধী, সমাজবিরোধী, সাম্প্রদায়িক, অনৈতিক বা রাজনৈতিক কার্যকলাপ কিংবা এ-সংক্রান্ত প্রচার-প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ।

১৪. নির্ধারিত সময়ের পরে শ্রেণিকক্ষে আগত ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট শিক্ষকের অনুমতি ব্যতীত শ্রেণিকক্ষে প্রবেশের অনুমতি নাও দেওয়া হতে পারে।

১৫. অবসর সময়ে ছাত্র-ছাত্রীদের জ্ঞানার্জন ও আত্মোন্নয়নের উদ্দেশ্যে কলেজ গ্রন্থাগার সর্বোত্তম ব্যবহার করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

১৬. সামাজিক যোগাযোগমাধ্যম দায়িত্বশীলভাবে ব্যবহার করতে হবে। কলেজ বা কলেজ পরিবারের কোনো সদস্যের মর্যাদা, সুনাম বা স্বার্থ ক্ষুণ্ণ হয়—এমন কোনো তথ্য, মন্তব্য, ছবি বা উপকরণ প্রকাশ বা প্রচার করা যাবে না।

১৭. কলেজ ক্যাম্পাসের পরিবেশ সংরক্ষণ ও সবুজায়ন বজায় রাখার লক্ষ্যে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে দায়িত্বশীল আচরণ করতে হবে। কলেজের Green Campus ও Plastic-Free Campus উদ্যোগ সফল করার জন্য সকলকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে এবং একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের ব্যবহার পরিহারসহ পরিবেশবান্ধব কার্যকলাপে সহযোগিতা করতে হবে।

১৮. কলেজ কর্তৃক আয়োজিত সকল একাডেমিক, সাংস্কৃতিক, ক্রীড়া, সামাজিক, সম্প্রসারণমূলক, রাজ্য এবং জাতীয় গুরুত্বপূর্ণ দিবস উদ্‌যাপন-সংক্রান্ত অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশিত। কলেজ কর্তৃপক্ষ কর্তৃক বাধ্যতামূলক ঘোষিত অনুষ্ঠানে সকল ছাত্র-ছাত্রীর অংশগ্রহণ আবশ্যিক।

১৯. কলেজের গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, নির্দেশিকা, পরীক্ষার সময়সূচি ও অন্যান্য তথ্য জানার জন্য নিয়মিত কলেজের নোটিশ বোর্ড এবং কলেজের ওয়েবসাইট (https://jmmcollege.ac.in) পরিদর্শন করতে হবে। প্রকাশিত কোনো বিজ্ঞপ্তি সম্পর্কে অজ্ঞতা গ্রহণযোগ্য কারণ হিসেবে বিবেচিত হবে না।

আদেশক্রমে,
24/08/20

অধ্যক্ষ

যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ
পতিরাম, দক্ষিণ দিনাজপুর।

**Principal**
Jamini Mazumder Memorial College
Patiram, Dakshin Dinajpur